

# স্কুলের প্রথম দিন


Khun Vichhay

Sorn Sreyneang



Let's Read

The Asia Foundation




টুটু

৭’০০ টায় ঘুম থেকে উঠলো। এটা
তার
স্কুলের প্রথম দিন। কিন্তু
তার ইতিমধ্যে দেরি হয়ে গেছে।



টুটূ তাড়াতাড়ি বাথরুম এ ছুটল। দাঁত ব্রাশ করল, আর গোসল করল।



তারপর, টূটূ জলদি কাপড় পরতে গেল। তবে তার শার্ট খুব

ছোট আর প্যান্ট খুব লম্বা।

"টুটু! তোমার জাগার সময় হয়ে গিয়েছে,আজ তোমার স্কুল এর প্রথম দিন!"



এমন কি তার জুতোও অনেক ছোট। আর তার পিছনে নেবার হলুদ ব্যাগটাও খুব ভারি!

এখন ইতিমধ্যেই ৭ঃ৩০ বেজে গেছে। যেতে হবে!



টুটু অবাক হয় যে সে স্কুল যাওয়ার পথে একা। কোথায় তার প্রতিবেশী, তেতে এবং পিপি? নিশ্চয়ই তারা ইতিমধ্যে স্কুলে চলে গেছে। সে খুব দেরি করে ফেলেছে।



হঠাৎ, একটি কুকুরছানা তাকে তাড়া করতে শুরু করে। টুটু পালিয়ে যায় এবং খুব ঘেমে যায় ।



তারপর বৃষ্টি হয়। টুটু ভিজে যায় এবং পা ফসকে মাটিতে পড়ে যায়। তার কাপড় গুলো খুব নোংরা হয়ে যায়। এখন পর্যন্ত, এটা স্কুলের একটি ভয়ংকর প্রথম দিন।



অবশেষে যখন সে স্কুলে পৌছালো, সে দেখতে পেলো সেখানে আর কোন ছাত্রছাত্রী নেই!

একজন মানুষ পাশ দিয়ে হেটে যাচ্ছিল, সে বললো স্কুলটি আজ বন্ধ।

টুটু খুব সন্দিহান হয়ে পড়লো।



হঠাৎ, টুটু তার মায়ের আওয়াজ শুনতে পেল।



"না, মা, স্কুল এখনো বন্ধ।" টুটু তার বন্ধ চোখ নিয়ে বিরক্তির স্বরে বললো।




"তোমার চোখ খুলো, বোকা! তুমি স্বপ্ন দেখছিলে।" মা বললেন।





টুটু নিজেকে টেনে নিয়ে গেল বাথরুমে। সে তার দাঁত ব্রাশ এবং গোসলের জন্য সময় নেয়।



তারপর, টুটু পোশাক পড়ে নেয়।

তার শার্ট মানানসই হয়।

তার প্যান্ট মানানসই হয়।

তার জুতোগুলোও মানানসই হয়।

এবং তার হলুদ ব্যাকপ্যাক পুরোপুরিভাবে ঠিক হয়ে বসে।



মা তাকে খাবার দেন এবং বলেন, ”এখন তোমার স্কুল যাবার সময়, তোমার সাথে বিকালে দেখা হবে।”



টুটু জানালা দিয়ে বাইরে তাকায় এবং দেখে অনেক ছাত্রছাত্রী স্কুলের দিকে যাচ্ছে।

”এটা সত্যিই স্কুলের প্রথম দিন” সে চিৎকার করে উঠে।

যখন সে বাইরে যায়, সে তার বন্ধু তিতি ও পিপিকে দেখে।

তারা সবাই স্কুলের দিকে একসাথে হাটতে থাকে।



রাস্তার পাশে, সে একটি কুকুরছানা দেখতে পায়,কিন্তু এটা তাকে তাড়া করছে না। টুটু একা হেঁটে চলল , সুন্দর পরিষ্কার আকাশের নীচে ।




যখন সে স্কুলে পৌছায়, ইতিমধ্যে একজন শিক্ষক শ্রেণীকক্ষের সামনে অপেক্ষা করছেন।
টুটু এবং অন্যান্য ছাত্রছাত্রীরা শিক্ষককে শুভেচ্ছা জানালো, ”শুভ সকাল, টিচার।”



ছুটি শেষে, টুটু তার বন্ধুদের সাথে স্কুল মাঠে খেলে।
যতদুর মনে হয়, এটা স্কুলের একটি অত্যন্ত সুন্দর,প্রথম দিন।





সহযোগিতায় SMART

Brought to you by

The Asia Foundation

Let’s Read is an initiative of The Asia Foundation’s Books for Asia program that fosters young readers in Asia and the Pacific.
booksforasia.org
To read more books like this and get further information about this book, visit letsreadasia.org

**Original Story**
*ថ្ងៃចូលរៀនដំបូង (First Day of School)*, Author: Khun Vichhay. Illustrator: Sorn Sreyneang. Published by The Asia Foundation - Let’s Read, © The Asia Foundation - Let’s Read. Released under CC BY-NC 4.0.

This work is a modified version of the original story. © The Asia Foundation, 2020. Some rights reserved. Released under CC BY-NC 4.0.

For full terms of use and attribution, http://creativecommons.org/licenses/by-nc/4.0/
Contributing translators: Sukla Dey, Shikha Dey, and Rabeya Mahabub